৩/১১/২০০৩

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ...১... কলাম...২......

দৈনিক সংবাদ

# কৃষি ভার্সিটির ভিসির অনুপস্থিতিতে শিক্ষার পরিবেশ ক্ষুণ্ন ঃ শিক্ষক সমিতি উদ্বেগ প্রকাশ করেছে

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অনুপস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার পরিবেশ ক্ষুণ্ন ও প্রশাসনিক জটিলতা দেখা দিয়েছে এবং এজন্য উদ্বেগ প্রকাশ করেছে কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। নেতৃবৃন্দ সম্প্রতি একসভায় উপাচার্যকে ক্যাম্পাসে ফিরে যাওয়ার আহ্বান জানিয়েছেন। সমিতির সভাপতি ড. অধ্যাপক মোশাররফ হোসেনের সভাপতিত্বে সভায় বলা হয়, উপাচার্যকে ক্যাম্পাসে ফিরে স্বাভাবিক কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ জানানো হলেও তিনি ক্যাম্পাসে এসে অফিস করছেন না। তিনি আর ক্যাম্পাসে ফিরে আসবেন না তা স্পষ্ট জানিয়ে দিয়েছেন। ফলে ক্যাম্পাসে প্রশাসনিক শূন্যতার সৃষ্টি হয়েছে। তিনি তার শহরের বাসভবনে ফাইলপত্র সই করছেন; কিন্তু তাতে বিশ্ববিদ্যালয়ের সার্বিক ব্যবস্থাপনার কোন সুরাহা হচ্ছে না। উপরন্তু তিনি সরকারি নির্দেশ উপেক্ষা করে নতুন নিয়োগ প্রদান করছেন যার জন্য বিশ্ববিদ্যালয়ে নানাবিধ সমস্যার সৃষ্টি হচ্ছে। শিক্ষক, ছাত্র, কর্মকর্তা ও কর্মচারীসহ সকলের আন্তরিক সহায়তায় কোন মতে বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ বজায় রেখে ক্লাস ও পরীক্ষাগুলো চালু রাখা সম্ভব হলেও উপাচার্য মহোদয়ের ক্যাম্পাসে লাগাতার অনুপস্থিতির ফলে সার্বিক প্রশাসনিক, সম্প্রসারণ ও গবেষণা কার্যক্রম ব্যাহত হচ্ছে। আরো উদ্বেগের বিষয় এই যে, বর্তমান সরকার ক্ষমতায় আসার পূর্বে নিয়োগপ্রাপ্ত ছাত্র-প্রশাসনের সাথে জড়িত শিক্ষকগণের পক্ষে তাদের স্বাভাবিক কার্যক্রম চালিয়ে যাওয়া সম্ভব নয় বলে তারা জানিয়েছেন। ফলে ক্যাম্পাসে সৃষ্ট যেকোন অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি মোকাবিলা করা কঠিন হয়ে পড়েছে। মোটকথা বিশ্ববিদ্যালয়ের সার্বিক প্রশাসনিক ব্যবস্থা স্থবির হয়ে পড়েছে, শান্তি-শৃঙ্খলার ক্রমাবনতি ঘটছে এবং যেকোন সময় তা মারাত্মক আকার ধারণ করতে পারে। বিশ্ববিদ্যালয়ের বর্তমানে শিক্ষার যে পরিবেশ বিরাজ করছে তাও যেকোন সময় একেবারে ভেঙে পড়তে পারে বলে আমরা শংকিত। ক্যাম্পাসের বর্তমান অবস্থা সম্পর্কে বাকৃবি শিক্ষক সমিতির কার্যকরী কমিটি গভীর উদ্বেগ প্রকাশ করছে এবং বিশ্ববিদ্যালয়ের সার্বিক কার্যক্রম দ্রুত স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনার লক্ষ্যে জরুরিভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সরকারের কাছে সনির্বন্ধ অনুরোধ জ্ঞাপন করছে। সংবাদ বিজ্ঞপ্তি।